বাংলাদেশের সুবর্ণজয়ন্তী
Bangladesh 50

মুজিব শতবর্ষ MUJIB 100

“মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার”

# পরিক্রমা

জানুয়ারি-মার্চ ২০২৩




BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION
BSEC

অর্থনীতির অগ্রযাত্রায় স্থিতিশীলতা ও শৃঙ্খলা নিশ্চিতকরণে

## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

# পরিক্রমা

জানুয়ারি-মার্চ ২০২৩




**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**

**সিকিউরিটিজ কমিশন ভবন**

ই-৬/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ

Website: www.sec.gov.bd, www.secbd.org, www.এসইসিবিডি.বাংলা

E-mail: info@sec.gov.bd

## পরিক্রমা প্রকাশনা টিমের সদস্যবৃন্দ

**১) ড. মিজানুর রহমান**
কমিশনার

**২) ড. এটিএম তারিকুজ্জামান**
নির্বাহী পরিচালক

**৩) মোহাম্মদ রুমান হোসেন**
সহকারী পরিচালক

# সূচিপত্র


| ক্রমিক নং | বিষয়বস্তু | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| | **প্রথম অংশ** | |
| ১ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন | ০৬ |
| ২ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালক ও বিভাগীয় প্রধানগণ | ০৭ |
| ৩ | পুঁজিবাজার সম্পর্কিত বিভিন্ন কর্মশালা, সেমিনার, ওয়ার্কশপ এবং অন্যান্য বিশেষ কার্যক্রম | ০৮ |
| ৩.১ | সিলেট জেলাতে 'বিনিয়োগ শিক্ষা কনফারেন্স ২০২৩' অনুষ্ঠিত | ০৮ |
| ৩.২ | 'মুদ্রানীতি জানুয়ারি-জুন ২০২৩: অর্থনীতি ও পুঁজিবাজারের ওপর সম্ভাব্য প্রভাব' শীর্ষক সেমিনার | ১০ |
| ৩.৩ | IOSCO-APRC' -এর দুই দিনব্যাপী সভা অনুষ্ঠিত | ১১ |
| ৩.৪ | বাংলাদেশ ইনভেস্টমেন্ট সামিট: 'দ্য রাইজ অব বেঙ্গল টাইগার: পটেনশিয়াল অব ট্রেড অ্যান্ড ইনভেস্টমেন্ট ইন বাংলাদেশ' | ১৩ |
| ৩.৫ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এবং ইন্টারন্যাশনাল ফাইন্যান্স কর্পোরেশনের মধ্যে Cooperation Agreement স্বাক্ষরিত | ১৫ |
| ৩.৬ | বগুড়া জেলাতে 'বিনিয়োগ শিক্ষা কনফারেন্স ২০২৩' অনুষ্ঠিত | ১৬ |
| ৩.৭ | 'তথ্য অধিকার বাস্তবায়নে আইন, বিধি ও নির্দেশিকা' শীর্ষক কর্মশালা | ১৮ |
| | **দ্বিতীয় অংশ** | |
| ৪ | ক্যাপিটাল মার্কেট রেগুলেটরি রিফর্মস অ্যান্ড কমপ্লায়েন্স | ২০ |
| ৫ | ক্যাপিটাল ইস্যু | ২১ |
| ৬ | নিবন্ধন ও লাইসেন্সিং | ২৫ |
| ৭ | মার্কেট সার্ভেইল্যান্স অ্যান্ড ইন্টেলিজেন্স | ২৭ |
| ৮ | সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব ইন্টারমিডিয়ারিজ | ২৯ |
| ৯ | এনফোর্সমেন্ট | ৩৩ |
| ১০ | সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব মার্কেট অ্যান্ড ইস্যুয়ার কোম্পানিজ | ৩৪ |
| ১১ | মিউচুয়াল ফান্ড অ্যান্ড এসপিভি | ৪২ |
| ১২ | কর্পোরেট ফাইন্যান্স | ৫২ |
| ১৩ | লিগ্যাল সার্ভিস | ৫৮ |
| ১৪ | ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস | ৫৯ |
| ১৫ | সেন্ট্রাল ডিপজিটরি সিস্টেম | ৬২ |
| ১৬ | গবেষণা ও উন্নয়ন | ৬৩ |
| ১৭ | ইনকোয়ারি অ্যান্ড ইনভেস্টিগেশন | ৬৪ |
| ১৮ | আন্তর্জাতিক সম্পর্ক | ৬৫ |
| ১৯ | ফিনান্সিয়াল লিটারেসি | ৬৬ |
| ২০ | স্টক এক্সচেঞ্জ অপারেশনাল স্ট্যাটিসটিকস | ৬৭ |
| ২১ | প্রেস রিলিজ | ৬৮ |

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ -এর মাধ্যমে পুঁজিবাজার নিয়ন্ত্রণকারী সংস্থা হিসেবে ৮ জুন, ১৯৯৩ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) প্রতিষ্ঠিত হয়, যার মূল লক্ষ্য হলো সিকিউরিটিজে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ, সিকিউরিটিজ মার্কেটের উন্নয়ন এবং এতদ্‌সংক্রান্ত বিষয়াবলি বা তদাধীনে আনুষঙ্গিক বিধিবিধান প্রণয়ন। কমিশন একজন চেয়ারম্যান ও চারজন কমিশনার নিয়ে গঠিত এবং চেয়ারম্যান কমিশনের প্রধান নির্বাহী হিসেবে দায়িত্ব পালন করেন। বাজার নিয়ন্ত্রণের প্রয়োজনীয় বিধিবিধান প্রণয়ন এবং সে মোতাবেক বাজার তদারকি করা কমিশনের সার্বিক দায়িত্ব। কমিশন একটি সংবিধিবদ্ধ সংস্থা এবং অর্থ মন্ত্রণালয়ের সাথে সংযুক্ত।

বর্তমানে কমিশনের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছেন অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এবং কমিশনার হিসেবে দায়িত্ব পালন করছেন ড. শেখ শামসুদ্দিন আহমেদ, ড. মিজানুর রহমান, জনাব মোঃ আবদুল হালিম এবং ড. রুমানা ইসলাম।

# প্রথম অংশ

## ১. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন



**অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম**
চেয়ারম্যান



**ড. শেখ শামসুদ্দিন আহমেদ**
কমিশনার



**ড. মিজানুর রহমান**
কমিশনার



**জনাব মোঃ আবদুল হালিম**
কমিশনার



**ড. রুমানা ইসলাম**
কমিশনার

## ২. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালক ও বিভাগীয় প্রধানগণ

| ক্রমিক নং | নাম | দায়িত্বপ্রাপ্ত বিভাগীয় প্রধানগণ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | ড. এটিএম তারিকুজ্জামান | সিএফডি এবং আরএন্ডডি |
| ২ | জনাব মোঃ আনোয়ারুল ইসলাম | এসআরআই এবং সিডিএস |
| ৩ | জনাব মোঃ সাইফুর রহমান | এসআরএমআইসি, প্রকল্প পরিচালক (সিএমডিপি-৩) এবং ডিরাইভেটিভস |
| ৪ | জনাব মোঃ আশরাফুল ইসলাম | এমআইএস |
| ৫ | জনাব এম হাছান মাহমুদ | নিবন্ধন ও লাইসেন্সিং এবং অভ্যন্তরীণ নিরীক্ষা |
| ৬ | জনাব মোঃ মাহবুবুল আলম | প্রশাসন ও অর্থ এবং আন্তর্জাতিক সম্পর্ক |
| ৭ | জনাব মোঃ মাহবুবের রহমান চৌধুরী | লিগ্যাল সার্ভিস |
| ৮ | জনাব কামরুল আনাম খান | মিউচুয়াল ফান্ড অ্যান্ড এসপিভি |
| ৯ | জনাব মোহাম্মদ রেজাউল করিম | ক্যাপিটাল ইস্যু, মার্কেট সার্ভেইল্যান্স অ্যান্ড ইন্টেলিজেন্স এবং কমিশনের মুখপাত্র |
| ১০ | জনাব মোহাম্মদ শফিউল আজম | ইনভেস্টিগেশন অ্যান্ড ইনকোয়ারি এবং কমিশন সচিবালয় |
| ১১ | জনাব রিপন কুমার দেবনাথ | সিএমআরআরসি এবং ফিনান্সিয়াল লিটারেসি |
| ১২ | জনাব মীর মোশাররফ হোসেন চৌধুরী | এনফোর্সমেন্ট এবং এএমএল অ্যান্ড সিএফটি উইং |

## ৩. পুঁজিবাজার সম্পর্কিত বিভিন্ন কর্মশালা, সেমিনার, ওয়ার্কশপ এবং অন্যান্য বিশেষ কার্যক্রম

### ৩.১ সিলেট জেলাতে 'বিনিয়োগ শিক্ষা কনফারেন্স ২০২৩' অনুষ্ঠিত

'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)' -এর নেতৃত্বে 'বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস (বিএএসএম)' এবং 'ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ড (সিএমএসএফ)' -এর উদ্যোগে দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে সিলেট জেলাতে গত ২১ জানুয়ারি, ২০২৩ তারিখে 'বিনিয়োগ শিক্ষা কনফারেন্স-২০২৩' অনুষ্ঠিত হয়।






কনফারেন্স -এ বক্তব্য রাখছেন বিএসইসি'র চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ইমরান আহমেদ।



কনফারেন্স -এ অংশগ্রহণকারী অতিথিবৃন্দ।

কমিশনার ড. শেখ শামসুদ্দিন আহমেদ -এর স্বাগত বক্তব্যের মধ্যে দিয়ে কনফারেন্সের প্রথম অধিবেশন শুরু হয়। এরপর নির্বাহী পরিচালক জনাব মোহাম্মদ রেজাউল করিম 'স্মার্ট অ্যান্ড ইন্টেলিজেন্ট ইনভেস্টর' শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন।

এরই ধারাবাহিকতায় একটি প্যানেল আলোচনা ও প্রশ্নোত্তর পর্ব অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ইমরান আহমেদ, এমপি; সরকারের কার্যক্রমের ভূয়সী প্রশংসা করেন। কনফারেন্সে অন্যান্য অতিথিবৃন্দ তাদের মূল্যবান নির্দেশনার মাধ্যমে শ্রোতাদের বিমুগ্ধ করেন।

এতে সভাপতি হিসেবে বক্তব্য রাখেন চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম। তিনি বলেন, ‘বর্তমানে আমরা ৪১তম বৃহৎ অর্থনীতির দেশ এবং আগামীতে আরও এগিয়ে যেতে কাজ করে চলেছি। আমরা পুঁজিবাজারে নতুন নতুন পণ্য নিয়ে আসছি। ফলে বিনিয়োগকারীরা অনেক বিকল্প বিনিয়োগ পণ্য পাচ্ছেন।’

‘বিনিয়োগ শিক্ষা কনফারেন্স ২০২৩’ -এর নারী বিনিয়োগকারীদের জন্য বিশেষায়িত দ্বিতীয় অধিবেশনে স্বাগত বক্তব্য রাখেন সিলেট উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির সভাপতি জনাব স্বর্ণলতা রায় এবং আরও বক্তব্য রাখেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক ড. তাসমিনা চৌধুরী তানিয়া।

কমিশনার ড. রুমানা ইসলামের সঞ্চালনায় দ্বিতীয় অধিবেশনের একটি প্যানেল আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচকবৃন্দ বাংলাদেশে নারী বিনিয়োগকারীদের সম্ভাবনা, নারীর সঞ্চয়কে বিনিয়োগে পরিণত করা, বিনিয়োগে নারীর অংশগ্রহণ বৃদ্ধি ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। কমিশনার ড. শেখ শামসুদ্দিন আহমেদ সকলকে ধন্যবাদ জানিয়ে কনফারেন্সের সমাপ্তি ঘোষণা করেন।

## ৩.২ 'মুদ্রানীতি জানুয়ারি-জুন ২০২৩: অর্থনীতি ও পুঁজিবাজারের ওপর সম্ভাব্য প্রভাব' শীর্ষক সেমিনার

'মুদ্রানীতি জানুয়ারি-জুন ২০২৩: অর্থনীতি ও পুঁজিবাজারের ওপর সম্ভাব্য প্রভাব' শীর্ষক সেমিনার গত ৩০ জানুয়ারি, ২০২৩ তারিখে বিএসইসিতে অনুষ্ঠিত হয়েছে।



সেমিনারে মূল্যবান বক্তব্য প্রদান করছেন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ও অর্থনীতিবিদ ড. আতিউর রহমান এবং বিএসইসি'র চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম।



সেমিনারে অংশগ্রহণকারী অতিথিবৃন্দ ও কমিশনের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

অনুষ্ঠানের সূচনা বক্তব্য রাখেন কমিশনার ড. শেখ শামসুদ্দিন আহমেদ। সেমিনারের বিষয়বস্তু উপস্থাপন করেন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ও অর্থনীতিবিদ ড. আতিউর রহমান। সেখানে তিনি মুদ্রানীতির গুরুত্ব ও তাৎপর্য ব্যাখ্যা করেন এবং উহার চ্যালেঞ্জ ও অভীষ্টলক্ষ্যসমূহ, ব্যালেন্স অব পেমেন্ট, মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে গৃহীত উদ্যোগ, বাংলাদেশের প্রেক্ষাপটে আর্থিক অন্তর্ভুক্তি, টেকসই উন্নয়ন ভাবনায় আর্থিক সেবা খাতের ভূমিকা ইত্যাদি বিষয়ে তথ্যবহুল আলোচনা করেন।

কমিশনের চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম কর্মসংস্থান সৃষ্টির ওপর গুরুত্বারোপ করেন এবং বাংলাদেশের অর্থনীতি ও পুঁজিবাজারকে আরও ভালো অবস্থানে নিয়ে যেতে বাংলাদেশে ব্যাংক, এনবিআর এবং বিএসইসি একসাথে কাজ করবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

## ৩.৩ IOSCO-APRC -এর দুই দিনব্যাপী সভা অনুষ্ঠিত

International Organization of Securities Commissions (IOSCO) -এর Asia Pacific Regional Committee (APRC) -এর দুই দিনব্যাপী সভা গত ২২-২৩ ফেব্রুয়ারি, ২০২৩ তারিখে ঢাকার শেরাটন হোটেলে অনুষ্ঠিত হয়েছে। কমিশনের চেয়ারম্যান এবং IOSCO- Asia Pacific Regional Committee (APRC) -এর ভাইস চেয়ার অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম উক্ত সভা উদ্বোধন করেন। প্রথম দিনে Supervisory Director Meeting এবং Enforcement Director Meeting অনুষ্ঠিত হয়। উক্ত দুইটি সভায় এশিয়া প্যাসিফিক অঞ্চলের পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থাসমূহের ঊর্ধ্বতন কর্মকর্তাসহ তাদের প্রতিনিধিবৃন্দ এবং IOSCO -এর প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।



প্রথম দিনের সভায় বক্তব্য রাখছেন বিএসইসি'র চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম।

দ্বিতীয় দিনের সভা উদ্বোধন করেন IOSCO-APRC -এর সম্মানিত চেয়ার Mr. Shigeru Ariizumi। উক্ত সভাসমূহে শিক্ষা ও বিনিয়োগ আচরণ, নিয়ন্ত্রক প্রযুক্তি, অনলাইনে ব্রোকারেজ ও পরামর্শ পরিষেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের তত্ত্বাবধান, নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠানে তৃতীয় পক্ষের সেবা গ্রহণের সমস্যা ও সমাধান, বিনিয়োগকারীর সিদ্ধান্তের ওপর প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের মানের প্রভাব, ভুয়া গ্রাহক হিসাবধারী, বাজার কারসাজি ও ইনসাইডার ট্রেডিং -এ অংশগ্রহণকারীদের খুঁজে বের করার চ্যালেঞ্জ, Sophisticated Syndicate কর্তৃক বিভিন্ন উপায়ে সিকিউরিটিজের বাজারমূল্য বৃদ্ধি ও তার ওপর নজরদারীসহ পুঁজিবাজার সংক্রান্ত নানাবিধ গুরুত্বপূর্ণ বিষয় আলোচনা হয়।




দ্বিতীয় দিনের সভায় উপস্থিত অতিথিবৃন্দ।

গালা ডিনার ও সমাপনী সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে দুই দিনব্যাপী উক্ত সভার সমাপ্তি ঘটে। সমাপনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কমিশনের চেয়ারম্যান এবং IOSCO-APRC -এর ভাইস চেয়ার অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম। তিনি বলেন, "ঠিক বঙ্গবন্ধু যেমনটি বলেছেন বাংলাদেশ ঠিক তেমনই 'সোনার বাংলা'। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দৃঢ় ও প্রগতিশীল নেতৃত্বে এদেশ এগিয়ে চলেছে। ২০৩০ সালে বাংলাদেশ ট্রিলিয়ন ডলারের অর্থনীতির দেশ হবে বলে আশা করা হচ্ছে।"




গালা ডিনার ও সমাপনী সাংস্কৃতিক অনুষ্ঠানে বক্তব্য রাখছেন বিএসইসি'র চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনৈতিকবিষয়ক উপদেষ্টা জনাব ড. মসিউর রহমান এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব জনাব শেখ মোহাম্মদ সলীম উল্লাহ। অনুষ্ঠানে গেস্টস অব অনার হিসেবে বক্তব্য রাখেন IOSCO বোর্ডের ভাইস চেয়ারম্যান ও APRC -এর চেয়ার Mr. Shigeru Ariizumi এবং IOSCO -এর ডেপুটি সেক্রেটারি জেনারেল Mr. Tajinder Singh প্রমুখ।

IOSCO -এর ডেপুটি সেক্রেটারি জেনারেল Mr. Tajinder Singh তাঁর বক্তব্যে বলেন, 'আমরা পুরো বিশ্বজুড়েই কাজ করি এবং আমাদের তৈরি করে দেওয়া মানদণ্ডই বিশ্বজুড়ে অনুসরণ করা হয়। IOSCO বিনিয়োগকারীদের সুরক্ষা, বাজারের বিশুদ্ধতা (Integrity) ও অর্থনৈতিক স্থিতিশীলতা - এই তিনিট লক্ষ্য নিয়ে জনস্বার্থে কাজ করে।'

অনুষ্ঠানের প্রধান অতিথির বক্তব্যে মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনৈতিকবিষয়ক উপদেষ্টা জনাব ড. মসিউর রহমান সাম্প্রতিক প্রবর্তিত শরিয়াহভিত্তিক ইনস্ট্রুমেন্ট ও বন্ডের প্রশংসার পাশাপাশি IOSCO -এর ভাইস চেয়ার নির্বাচিত হওয়ায় অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলামকে অভিনন্দন জানান।

## ৩.৪ বাংলাদেশ ইনভেস্টমেন্ট সামিট ‘দ্য রাইজ অব বেঙ্গল টাইগার: পটেনশিয়াল অব ট্রেড অ্যান্ড ইনভেস্টমেন্ট ইন বাংলাদেশ’

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এবং বাংলাদেশ ইনভেস্টমেন্ট ডেভলপমেন্ট অথোরিটি (বিডা), পররাষ্ট্র মন্ত্রণালয় এবং ‘বাংলাদেশ ফোরাম কাতার’ -এর পারস্পরিক সহযোগিতায় গত ০৬ মার্চ, ২০২৩ তারিখে কাতারে ‘দ্য রাইজ অব বেঙ্গল টাইগার: পটেনশিয়াল অব ট্রেড অ্যান্ড ইনভেস্টমেন্ট ইন বাংলাদেশ’ শীর্ষক ইনভেস্টমেন্ট সামিট উদ্‌যাপন করা হয়েছে।



ইনভেস্টমেন্ট সামিট -এ উপস্থিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও অন্যান্য অতিথিবৃন্দ।

উক্ত ইনভেস্টমেন্ট সামিট উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। অনুষ্ঠানে সম্মানিত অতিথি ও বিশেষ অতিথি হিসেবে যথাক্রমে উপস্থিত ছিলেন কাতারের বাণিজ্য ও শিল্প মন্ত্রণালয়ের মহামান্য আন্ডার সেক্রেটারি জনাব সুলতান বিন রশিদ আল খাতের এবং কাতার ফাইনান্সিয়াল সেন্টারের সিইও জনাব ইউসুফ মোহাম্মদ আল জাইদাহ। এছাড়া, কাতার ফাইনান্সিয়াল সেন্টারের ডেপুটি সিইও শেখা আলানাউদ আল থানি, কাতার বিজনেসম্যান অ্যাসোসিয়েশনের চেয়ারম্যান শেখ ফয়সাল বিন কাসিম আল থানিসহ কাতারের অন্যান্য সংস্থা প্রধানসহ বিভিন্ন দেশের রাষ্ট্রদূতগণ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিভিন্ন পর্যায়ের মন্ত্রী এবং সরকারি-বেসরকারি সেক্টরের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।




ইনভেস্টমেন্ট সামিট -এ বক্তব্য রাখছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, ‘বাংলাদেশ বর্তমানে যে বিশেষ অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা করছে, সেখানে ব্যবসার ক্ষেত্রে কাতারের বিনিয়োগকারীদের বিশেষ সুবিধার সুযোগ রয়েছে’। তিনি আরও বলেন, ‘প্রয়োজনীয় সকল অবকাঠামো সুবিধার জন্য তার সরকার সর্বাত্মক সহায়তা করবে’। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কাতারে বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব নজবুল ইসলাম। উক্ত অনুষ্ঠানে বক্তব্য রাখেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এবং সম্মানিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন কাতারের বাণিজ্য ও শিল্প মন্ত্রণালয়ের মহামান্য আন্ডার সেক্রেটারি জনাব সুলতান বিন রশিদ আল খাতের।




ইনভেস্টমেন্ট সামিট -এ বক্তব্য রাখছেন বিএসইসি’র চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম।

উক্ত ইভেন্টে বাংলাদেশ ফোরাম কাতারের এভিপি ড. শিবান খানের সঞ্চালনায় একটি প্যানেল আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচকবৃন্দ বাংলাদেশে বিনিয়োগের সুযোগের বিভিন্ন দিক তুলে ধরেন।

অতঃপর বাংলাদেশে বিদ্যুৎ ও জ্বালানি খাতে বিনিয়োগে যৌথ সহযোগিতা বাড়ানোর জন্য কাতার ফিনান্সিয়াল সেন্টার এবং সামিট গ্রুপের মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং কাতার ফিনান্সিয়াল সেন্টারের সিইও ইউসুফ আল জাইদাহ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

## ৩.৫ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এবং ইন্টারন্যাশনাল ফাইন্যান্স কর্পোরেশনের মধ্যে Co-operation Agreement স্বাক্ষরিত

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এবং ইন্টারন্যাশনাল ফাইন্যান্স কর্পোরেশন (আইএফসি) -এর মধ্যে একটি দ্বিপাক্ষিক সভা গত ১৬ মার্চ, ২০২৩ তারিখে ঢাকায় অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিএসইসি'র চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম, কমিশনার ড. শেখ শামসুদ্দিন আহমেদ, নির্বাহী পরিচালক জনাব মোহাম্মদ রেজাউল করিম, আইএফসি'র কান্ট্রি ম্যানেজার (বাংলাদেশ, ভুটান ও নেপাল) Mr. Martin Holtmann, আইএফসি'র Operations Officer Ms. Lopa Rahman প্রমুখ উপস্থিত ছিলেন। উক্ত সভায় পুঁজিবাজারের উন্নয়নে টেকসই অর্থায়নের বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা হয়।



Cooperation Agreement বিষয়ক সভায় উপস্থিত অতিথিবৃন্দ ও কমিশনের চেয়ারম্যানসহ অন্যান্য কর্মকর্তা।

এ সময় কমিশন এবং আইএফসি'র মধ্যে National Sustainability Bond Guidelines বিষয়ে একটি Cooperation Agreement স্বাক্ষরিত হয়। ফলে, নিম্নোক্ত চারটি উদ্দেশ্য অর্জিত হবে:

১. ESG (Environmental, Social and Governance) রেগুলেটরি এবং রিপোর্টিং ফ্রেমওয়ার্ক শক্তিশালী হবে, টেকসই বন্ড উন্নয়নে সহযোগিতা এবং কর্পোরেট গভর্নেন্স কোড রিভিশনে কাজ করবে IFC;
২. বাজার মধ্যস্থতাকারীদের প্রশিক্ষণ এবং তাদের সমস্যা/মান/সর্বোত্তম অনুশীলন সম্পর্কিত পরামর্শ বৃদ্ধি পাবে;
৩. আর্থিক প্রতিষ্ঠানসমূহের মধ্যে due diligence মান এবং কর্পোরেট গভর্নেন্সের অনুশীলন বৃদ্ধি পাবে; এবং
৪. রিয়েল সেক্টর গ্রাহকদের বিনিয়োগ সংক্রান্ত প্রতিবন্ধকতা হ্রাস পাবে এবং IFC পোর্টফোলিওর কোম্পানিগুলোর কার্যক্ষমতা উন্নত হবে।

## ৩.৬ বগুড়া জেলাতে 'বিনিয়োগ শিক্ষা কনফারেন্স ২০২৩' অনুষ্ঠিত

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) -এর নেতৃত্বে বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস (বিএএসএম) -এর সহযোগিতায় দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে বগুড়া জেলায় গত ১৮ মার্চ, ২০২৩ 'বিনিয়োগ শিক্ষা কনফারেন্স ২০২৩' অনুষ্ঠিত হয়েছে।







কনফারেন্সে স্বাগত বক্তব্য প্রদান করছেন বিএসইসি'র কমিশনার ড. শেখ শামসুদ্দিন আহমেদ এবং দ্বিতীয় অধিবেশনে স্বাগত বক্তব্য প্রদান করছেন টিএমএএসএস -এর প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক অধ্যাপিকা ড. হোসনে আরা বেগম।



কনফারেন্সে অংশগ্রহণকারী অতিথিবৃন্দ।

উক্ত কনফারেন্সের প্রথম অধিবেশনে স্বাগত বক্তব্য এবং ‘Investing in the Bangladesh capital market’ শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন কমিশনার ড. শেখ শামসুদ্দিন আহমেদ। এরপর ‘Tools & Techniques for SMART Investors’ শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন নির্বাহী পরিচালক জনাব মোহাম্মদ রেজাউল করিম। অতঃপর উক্ত প্রবন্ধ দু’টির ওপর একটি প্যানেল আলোচনা অনুষ্ঠিত হয়।

উক্ত কনফারেন্সে সভাপতি হিসেবে কমিশনের চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম অনলাইন জুম প্ল্যাটফর্মের সহায়তায় যোগদান করেন এবং সভাপতির বক্তব্যে তিনি বলেন, ‘বিশ্বে বিনিয়োগকারী ও ব্যবসায়ীরা বাংলাদেশের ব্যাপারে উৎসাহ নিয়ে এগিয়ে আসছে। বিশ্বে পরিস্থিতির সংকটময় সময়েও আমরা ইতিবাচক প্রবৃদ্ধি ধরে রাখতে পেরেছি এবং অর্থনীতিকে এগিয়ে নিয়ে চলেছি এটিই বড়ো অর্জন।’ উল্লেখ্য যে, উক্ত কনফারেন্সে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বগুড়া চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির সভাপতি জনাব মোঃ মাসুদুর রহমান মিলন।

নারীদের জন্য বিশেষায়িত দ্বিতীয় অধিবেশনে স্বাগত বক্তব্য রাখেন টিএমএসএস -এর প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক অধ্যাপিকা ড. হোসনে আরা বেগম। নারীদের উন্নয়ন হলে দেশ, সমাজ, পরিবার সবার উন্নয়ন হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। এ সময় IFC -এর কর্মকর্তা Ms. Sadef Gunsur অনলাইনে কনফারেন্সে যোগদান করে অধিবেশনে প্রবন্ধ উপস্থাপন করেন। তিনি বিনিয়োগের কার্যকর স্ট্যাটেজি, বিনিয়োগের ঝুঁকি ও রির্টানসহ বিনিয়োগের ক্ষেত্রে বিবেচ্য নানা বিষয় নিয়ে আলোচনা করেন। কমিশনার ড. রুমানা ইসলামের সঞ্চালনায় দ্বিতীয় অধিবেশনে প্যানেল আলোচনায় নারী ক্ষমতায়ন, মহিলাদের পুঁজিবাজারে সক্রিয় অংশগ্রহণের প্রয়োজনীয়তা, নারীদের জন্য বিশেষায়িত প্রশিক্ষণ ও কর্মশালা, নারী বিনিয়োগকারীরা কীভাবে বিনিয়োগ করতে পারেন ইত্যাদি বিষয়ে আলোচনা হয়।

## ৩.৭ ‘তথ্য অধিকার বাস্তবায়নে আইন, বিধি ও নির্দেশিকা’ শীর্ষক কর্মশালা

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) -এর বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে ‘তথ্য অধিকার বাস্তবায়নে আইন, বিধি ও নির্দেশিকা’ শীর্ষক একটি কর্মশালা গত ১৪ মার্চ, ২০২৩ তারিখে কমিশন ভবনে কমিশনার জনাব মোঃ আবদুল হালিমের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় উপস্থিত ছিলেন কমিশনের তথ্য অধিকার সংক্রান্ত আপিল কর্মকর্তা কমিশনার ড. রুমানা ইসলাম এবং তথ্য অধিকার সংক্রান্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নির্বাহী পরিচালক জনাব মোহাম্মদ রেজাউল করিম। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন কমিশনের উপ-পরিচালক জনাব জিয়াউর রহমান। এতে অংশগ্রহণ করেন কমিশনের ব্যক্তিগত কর্মকর্তাদের একাংশ ও বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেট (বিএএসএম) -এর সদস্য ও কর্মকর্তাবৃন্দ।




কর্মশালার তথ্য চিত্র

# দ্বিতীয় অংশ

## ৪.ক্যাপিটাল মার্কেট রেগুলেটরি রিফর্মস অ্যান্ড কমপ্লায়েন্স

জানুয়ারি-মার্চ, ২০২৩ সময়ে সিএমআরআরসি বিভাগ কর্তৃক নিম্নোক্ত সংশোধনী/আদেশ/নির্দেশনা জারি করা হয়েছেঃ

| ক্রমিক নং | বিষয় | শ্রেণি বিভাগ | সূত্র নং |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | প্রাথমিক গণপ্রস্তাব (আইপিও) -এর জন্য Danish Foods Limited -কে Bangladesh Securities and Exchange Commission (Public Issue) Rules, 2015 -এর কতিপয় বিধান থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। | প্রজ্ঞাপন | বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/৫৩/প্রশাসন/১৪১; তারিখ: ২৯ জানুয়ারি, ২০২৩ |
| ২ | তালিকাভুক্ত ডেট সিকিউরিটিজ ও ট্রেজারি বন্ডে বিনিয়োগের সময়সীমা বৃদ্ধি সংক্রান্ত নির্দেশনা। | নির্দেশনা | বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/৫৪; তারিখ: ১৯ ফেব্রুয়ারি, ২০২৩ |
| ৩ | তালিকাভুক্ত ১৬৯ কোম্পানি/সিকিউরিটিজের ফ্লোর প্রাইস নির্ধারণ সংক্রান্ত আদেশ জারি। | আদেশ | বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/৫৫; তারিখ: ০১ মার্চ, ২০২৩ |
| ৪ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (সিকিউরিটিজ মার্কেট শরিয়াহ অ্যাডভাইজারি কাউন্সিল) রুলস, ২০২২ -এর সংশোধনী বাংলাদেশ গেজেটে প্রকাশের নিমিত্ত প্রেরণ। | প্রজ্ঞাপন | বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/৫৬/প্রশাসন/১৪২; তারিখ: ২০ মার্চ, ২০২৩ |

## ৫. ক্যাপিটাল ইস্যু

কমিশনের ক্যাপিটাল ইস্যু বিভাগ বিভিন্ন কোম্পানি/প্রতিষ্ঠানসমূহকে পাবলিক ও প্রাইভেট অফারে ইকুইটি, ডেট সিকিউরিটিজ এবং সুকুক ইস্যুর মাধ্যমে মূলধন বৃদ্ধির অনুমোদন প্রদান সংক্রান্ত কর্মকাণ্ড সম্পাদন করে থাকে। এছাড়াও, তালিকাভুক্ত কোম্পানিসমূহকে রাইটস শেয়ার ইস্যু, বোনাস শেয়ার ইস্যু, স্টক এক্সচেঞ্জে সিকিউরিটিজসমূহের ডাইরেক্ট লিস্টিং এবং সম্পদভিত্তিক সিকিউরিটিজ ইস্যুর অনুমোদন প্রদান সংক্রান্ত কাজও এ বিভাগ করে থাকে। নিম্নবর্ণিত বিধিমালায় উপযুক্ত বিবেচিত হলে কমিশন মূলধন উত্তোলনের ক্ষেত্রে সম্মতি প্রদান করে থাকে:

- Securities and Exchange Commission (Issue of Capital) Rules, 2001
- Bangladesh Securities and Exchange Commission (Public Issue) Rules, 2015
- Bangladesh Securities and Exchange Commission (Qualified Investor Offer by Small Capital Companies) Rules, 2018 Securities and Exchange Commission (Rights Issue) Rules, 2006
- সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সম্পদভিত্তিক সিকিউরিটিজ ইস্যু) বিধিমালা, ২০০৪
- Bangladesh Securities and Exchange Commission (Debt Securities) Rules, 2021

### • প্রাথমিক গণপ্রস্তাব:

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (পাবলকি ইস্যু) রুলস, ২০১৫ -এর অধীনে ১ জানুয়ারি, ২০২৩ হতে ৩১ মার্চ, ২০২৩ সময়কালে ২টি কোম্পানিকে প্রাথমিক গণপ্রস্তাবের মাধ্যমে সাধারণ বিনিয়োগকারীদরে নিকট হতে ৮৬.০০ কোটি টাকা পুঁজি উত্তোলনের জন্য প্রসপেক্টাস ইস্যুর সম্মতি প্রদান করেছে।

### • কোয়ালিফাইড ইনভেস্টর অফার:

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (কোয়ালিফাইড ইনভেস্টর অফার বাই স্মল ক্যাপিটাল কোম্পানিজ) রুলস, ২০১৮ -এর অধীনে ১ জানুয়ারি, ২০২৩ হতে ৩১ মার্চ, ২০২৩ সময়কালে ১টি কোম্পানিকে যোগ্য বিনিয়োগকারীদের নিকট হতে ৫.০০ কোটি টাকা পুঁজি উত্তোলনের জন্য প্রসপেক্টাস ইস্যুর সম্মতি প্রদান করেছে।

### • মূলধন উত্তোলন (প্রাইভেট ও পাবলিক অফার):

**পাবলিক লিমিটেড কোম্পানি:**

কমিশন ১ জানুয়ারি, ২০২৩ হতে ৩১ মার্চ, ২০২৩ সময়কালে Bangladesh Securities and Exchange Commission (Debt Securities) Rules, ২০২১ -এর অধীনে ২টি পাবলিক লি. কোম্পানিকে বন্ড ইস্যুর মাধ্যমে ৮০০.০০ কোটি টাকার মূলধন উত্তোলনের জন্য সম্মতি প্রদান করেছে, যার বিভাজন নিম্নে প্রদান করা হলো:

| মূলধন উত্তোলনের মাধ্যম | কোম্পানির সংখ্যা | পরিমাণ (কোটি টাকা) | | |
|---|---|---|---|---|
| | | পাবলিক অফার (কোটি টাকা) | প্রাইভেট অফার (কোটি টাকা) | মোট অফার (কোটি টাকা) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| সাব-অর্ডিনেটেড বন্ড | ১ | - | ৫০০.০০ | ৫০০.০০ |
| কর্পোরেট বন্ড | ১ | - | ৩০০.০০ | ৩০০.০০ |
| **মোট** | ২ | | | **৮০০.০০** |

### তালিকাভুক্ত কোম্পানির বোনাস শেয়ার ইস্যু

১ জানুয়ারি, ২০২৩ হতে ৩১ মার্চ, ২০২৩ সময়কালে কমিশন নোটিফিকেশন নং বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯ -১৯৩/২৩/এডমিন/১২৩ -এর অধীনে ৪টি তালিকাভুক্ত কোম্পানিকে বোনাস শেয়ার ইস্যুর মাধ্যমে মোট ৬৪.১২ কোটি টাকার মূলধন বৃদ্ধির অনুমতি প্রদান করে।

জানুয়ারি-মার্চ, ২০২৩ইং সময়কালে যে সকল কোম্পানিকে বোনাস শেয়ার ইস্যুর মাধ্যমে মূলধন উত্তোলনের অনুমোদন দেওয়া হয়েছে তার তালিকা নিম্নরূপঃ

| ক্র. নং | কোম্পানির নাম | সম্মতিপত্র প্রদানের তারিখ | মূলধন (বোনাস শেয়ার ইস্যুপূর্ব) টাকা | ইস্যু মূল্য (টাকা) | ইস্যুকৃত শেয়ারের সংখ্যা | মোট ইস্যু মূল্য (টাকা) | মূলধন উত্তোলন (বোনাস শেয়ার ইস্যু উত্তর) টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | আমরা টেকনোলজিস লিমিটেড | ০৪-০১-২৩ | ৬১০,৪৪৭,৫৭০ | ১০ | ৩,৬৬২,৬৮৫ | ৩৬,৬২৬,৮৫৪ | ৬৪৭,০৭৪,৪২৪ |
| ২ | আমরা নেটওয়ার্ক লিমিটেড | ০৪-০১-২৩ | ৫৯০,৩৪৮,৬৫০ | ১০ | ২,৯৫১,৭৪৩ | ২৯,৫১৭,৪৩৩ | ৬১৯,৮৬৬,০৮৩ |
| ৩ | ইউনিয়ন ব্যাংক লিমিটেড | ২৯-০৩-২৩ | ৯,৮৬৯,৩৩৭,৬০০ | ১০ | ৪৯,৩৪৬,৬৮৮ | ৪৯৩,৪৬৬,৮৮০ | ১০,৩৬২,৮০৪,৪৮০ |
| ৪ | এসবিএসি ব্যাংক লিমিটেড | ২৯-০৩-২৩ | ৮,১৬০,৩১৩,৩৭০ | ১০ | ৮,১৬০,৩১৩ | ৮১,৬০৩,১৩০ | ৮,২৪১,৯১৬,৫০০ |
| | | | | | মোট | ৬৪১,২১৪,২৯৭ | |

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (পাবলিক ইস্যু) বিধিমালা, ২০১৫ -এর অধীনে ০১-০১-২০২৩ হতে ৩১-০৩-২০২৩ সময়কালে কমিশন কর্তৃক প্রাথমিক পাবলিক অফারের (আইপিও) অনুমোদনপ্রাপ্ত কোম্পানির বিবরণঃ

| ক্র. নং | কোম্পানির নাম | অনুমোদনের তারিখ | পরিশোধিত মূলধন (আইপিওর আগে) টাকায় | ইস্যু মূল্য (টাকায় পরিমাণ) | ইস্যুকৃত শেয়ারের সংখ্যা | আইপিওর পরিমাণ (প্রিমিয়ামসহ) | পরিশোধিত মূলধন (আইপিও পরবর্তী) টাকায় |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | মিডল্যান্ড ব্যাংক লিমিটেড | ১৫-০১-২৩ | ৫,৬৯৬,৬৯৭,৫৩০ | ১০ | ৭০,০০০,০০০ | ৭০০,০০০,০০০ | ৬,৩৯৬,৬৯৭,৫৩০ |
| ২ | ট্রাস্ট ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড | ২৬-০২-২২ | ২৪০,০০০,০০০ | ১০ | ১৬,০০০,০০০ | ১৬,০০০,০০০ | ৪০০,০০০,০০০ |
| | | | | | মোট | ৮৬০,০০০,০০০ | |

জানুয়ারি-মার্চ, ২০২৩ইং সময়কালে যে সকল কোম্পানিকে বন্ড, ডিবেঞ্চারের ও সুকুক ইস্যুর মাধ্যমে মূলধন উত্তোলনের অনুমোদন দেওয়া হয়েছে তার তালিকা নিম্নরূপ:

| ক্র. নং | কোম্পানির নাম | বিবরণ | অনুমোদনের তারিখ | পাবলিক অফার পরিমাণ (টাকা) | প্রাইভেট অফার পরিমাণ (টাকা) | মোট পরিমাণ (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | ন্যাশনাল ব্যাংক লিমিটেড | নন কনভার্টিবল, আনসিকিউরড, সম্পূর্ণ রিডেমেবল, ফ্লোটিং রেট, সাব-অর্ডিনেট টাকা ৫,০০০,০০০,০০০/- | ১৮-০১-২৩ | | ৫,০০০,০০০,০০০ | ৫,০০০,০০০,০০০ |
| ২ | ইফাদ অটোস লিমিটেড | নন কনভার্টিবল, সিকিউরড, সম্পূর্ণ রিডেমেবল, ফ্লোটিং রেট, কুপন বিয়ারিং কর্পোরেটস বন্ড টাকা ৩,০০০,০০০,০০০/- | ২৩-০১-২৩ | | ৩,০০০,০০০,০০০ | ৩,০০০,০০০,০০০ |
| | | | মোট | | | ৮,০০০,০০০,০০০ |

জানুয়ারি-মার্চ, ২০২৩ইং সময়কালে যে সকল কোম্পানিকে বন্ড ও ডিবেঞ্চারের মাধ্যমে মূলধন উত্তোলনের অনুমোদন দেওয়া হয়েছে তার সারসংক্ষেপ নিম্নরূপ:

| বিবরণ | ইস্যুয়ার | আবেদনের সংখ্যা | পাবলিক অফার পরিমাণ (টাকা) | প্রাইভেট অফার পরিমাণ (টাকা) | মোট পরিমাণ (টাকা) |
|---|---|---|---|---|---|
| **পাবলিক লিমিটেড কোম্পানি** | | | | | |
| **তালিকাভুক্ত কোম্পানি** | | | | | |
| পারপেচুয়াল বন্ড | ব্যাংক ও অব্যাংক আর্থিক প্রতিষ্ঠান | | | | |
| সাব-অরডিনেটেড বন্ড | ব্যাংক ও অব্যাংক আর্থিক প্রতিষ্ঠান | ১ | | ৫,০০০,০০০,০০০ | ৫,০০০,০০০,০০০ |
| জিরো কুপন বন্ড | ব্যাংক ও অব্যাংক আর্থিক প্রতিষ্ঠান | | | | |
| জিরো কুপন বন্ড | কর্পোরেটস | | | | |
| বন্ড | কর্পোরেটস | | | | |
| সুকুক | কর্পোরেটস | | | | |
| **অতালিকাভুক্ত কোম্পানি** | | | | | |
| জিরো কুপন বন্ড | | | | | |
| বন্ড | | | | ৩,০০০,০০০,০০০ | ৩,০০০,০০০,০০০ |
| **মোট** | | | | | **৮,০০০,০০০,০০০** |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **প্রাইভেট লিমিটেড কোম্পানি** | | | | | |
| জিরো কুপন বন্ড | কর্পোরেটস | | | | |
| বন্ড | কর্পোরেটস | | | | |
| সুকুক | কর্পোরেটস | ১ | | - | - |
| **মোট** | | | | | - |
| **পাবলিক ও প্রাইভেট লিমিটেড কোম্পানি ব্যতীত অন্যান্য কোম্পানি/প্রতিষ্ঠান** | | | | | |
| জিরো কুপন বন্ড | | | | | |
| বন্ড | | | | | |
| **মোট** | | | | | |
| **সর্বমোট** | | | | | |

## ৬. নিবন্ধন ও লাইসেন্সিং

নিবন্ধন বিভাগের জানুয়ারি থেকে মার্চ, ২০২৩ সময়ের ত্রৈমাসিক প্রতিবেদন:

| ক্র. নং | ইস্যুকৃত সনদের ধরন | সংশ্লিষ্ট আইনের নাম | ইস্যুকৃত সনদের সংখ্যা | নবায়নকৃত সনদের সংখ্যা | স্টক ব্রোকারের শাখা অফিস খোলার অনুমোদন | স্টক ডিলার/স্টক ব্রোকার ও মার্চেন্ট ব্যাংকের অফিস স্থানান্তর |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | স্টক ডিলার (ডিএসই) | সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ | ০৫ | ৯৭ | | |
| | স্টক ব্রোকার (ডিএসই) | -ঐ- | ০৫ | ১০০ | ০২ | |
| ২ | স্টক ডিলার (সিএসই) | -ঐ- | শূন্য | ২৯ | | |
| | স্টক ব্রোকার (সিএসই) | -ঐ- | শূন্য | ৩২ | ০২ | |
| ৩ | অনুমোদিত প্রতিনিধি (ডিএসই) | -ঐ- | ৬৩ | ০৫ | | |
| ৪ | অনুমোদিত প্রতিনিধি (সিএসই) | -ঐ- | ০৯ | ১৬ | | |
| ৫ | মার্চেন্ট ব্যাংক | সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ | ০১ | প্রযোজ্য নহে | | |
| ৬ | সম্পদ ব্যবস্থাপক | সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ | শূন্য | প্রযোজ্য নহে | | |
| ৭ | সিকিউরিটি কাস্টডিয়ান | সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সিকিউরিটি কাস্টডিয়াল সেবা) বিধিমালা, ২০০৩ | শূন্য | শূন্য | | |
| ৮ | ডিপজিটরি অংশগ্রহণকারী | ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ | ০৭ | ১০১ | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৯ | ডেট সিকিউরিটিজ -এর জন্য ট্রাস্টি | Bangladesh Securities and Exchange Commission (Debt Securities) Rules, 2021 | ০৫ | প্রযোজ্য নহে | | |
| ১০ | ট্রাস্টি | Bangladesh Securities and Exchange Commission (Alternative Investment) Rules, 2015 | ০৩ | প্রযোজ্য নহে | | |
| ১১ | ট্রাস্টি | সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ | শূন্য | প্রযোজ্য নহে | | |
| ১২ | ফান্ড ম্যানেজার | Securities and Exchange Commission (Alternative Investment) Rules, 2015 | ০১ | প্রযোজ্য নহে | | |
| ১৩ | মিউচুয়াল ফান্ডের কাস্টডিয়ান | সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ | শূন্য | প্রযোজ্য নহে | | |
| ১৪ | ক্রেডিট রেটিং কোম্পানি | ক্রেডিট রেটিং কোম্পানিজ রুলস, ১৯৯৬ | শূন্য | প্রযোজ্য নহে | | |
| ১৫ | ডিজিটাল বুথের অনুমোদন | ডিরেকটিভের তারিখ: ১৩ ডিসেম্বর, ২০২০ | ১৬ | প্রযোজ্য নহে | | ০৪ (ঠিকানা স্থানান্তর) |
| ১৬ | বাজার সৃষ্টিকারী | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বাজার সৃষ্টিকারী) বিধিমালা, ২০১৭ | শূন্য | শূন্য | | |

## ৭. মার্কেট সার্ভেইল্যান্স অ্যান্ড ইন্টেলিজেন্স

### • মার্কেট সার্ভেইল্যান্স:

বাজার তদারকি করার প্রাথমিক দায়িত্ব স্টক এক্সচেঞ্জের ওপর ন্যস্ত করা হয়েছে। তবে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন বাজারের গতিবিধি সক্রিয় তদারকি করা ছাড়াও অসামঞ্জস্যপূর্ণ বিভিন্ন লেনদেন বিশ্লেষণ করে থাকে।

### • তাৎক্ষণিক পর্যবেক্ষণ ও তদারকি:

প্রতিদিনের অনলাইন বাজার তদারকির অংশ হিসেবে, বাজারের অনিয়ম, সন্দেহজনক লেনদেন ও অসদাচরণ খুঁজে বের করার জন্য কমিশনের সার্ভেইল্যান্স বিভাগের কর্মকর্তারা সার্ভেইল্যান্স সিস্টেম 'ইনস্ট্যান্ট ওয়াচ মার্কেট' -এর মাধ্যমে বাজার পর্যবেক্ষণ করেন এবং স্টক এক্সচেঞ্জের সার্বিক লেনদেন বিশ্লেষণ করেন। দিন শেষে বাজার পরিস্থিতি সংক্রান্ত একটি দৈনিক প্রতিবেদন প্রস্তুত করে কমিশনের চেয়ারম্যান, কমিশনারবৃন্দ এবং কমিশনের সংশ্লিষ্ট নির্বাহী পরিচালকের বরাবর দাখিল করেন।

### • তথ্যের বুদ্ধিদীপ্ত কার্যক্রম:

কমিশনের সার্ভেইল্যান্স বিভাগের কর্মকর্তারা বাজারের অনিয়ম ও সন্দেহজনক লেনদেনের ৩৬০ ডিগ্রি পর্যবেক্ষণ ও গভীরতা বের করার জন্য 'ইনস্ট্যান্ট ওয়াচ মার্কেট' সিস্টেমের 'বিজনেস ইন্টেলিজেন্স', স্টেকহোল্ডারদের ওয়েবসাইট, প্রাসঙ্গিক সংবাদ ও প্রতিবেদন পর্যবেক্ষণের মাধ্যমে তথ্যসমূহের বুদ্ধিদীপ্ত ব্যবহার নিশ্চিত করছে।

### • তদন্ত ও অনুসন্ধান:

সিকিউরিটিজ লেনদেনে স্বচ্ছতা ও বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণের জন্য সন্দেহজনক ও কারসাজিমূলক লেনদেনের তদন্ত ও অনুসন্ধানের মাধ্যমে সিকিউরিটিজ সংক্রান্ত সকল আইনকানুনের প্রয়োগ নিশ্চিত করা প্রয়োজন।

জানুয়ারী-মার্চ, ২০২৩ সময়কালে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড (ডিএসই) এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড (সিএসই) কর্তৃক নিম্নবর্ণিত তদন্ত প্রতিবেদনসমূহ কমিশনে প্রেরণ করেছে:

| ক্র. নং | তদন্ত প্রতিবেদন | অবস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | নিয়ালকো অ্যালয়স লি. | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিবেদনটি এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। |
| ২ | জেমিনি সী ফুড লিমিটেড | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিবেদনটি এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। |
| ৩ | আলহাজ টেক্সটাইল মিলস লিমিটেড | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিবেদনটি এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। |
| ৪ | ওরিয়ন ফার্মা লিমিটেড | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিবেদনটি এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। |
| ৫ | সী পার্ল বীচ অ্যান্ড স্পা লিমিটেড | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিবেদনটি এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। |
| ৬ | অলটেক্স ইন্ডাস্ট্রিজ লিমিটেড | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিবেদনটি এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। |
| ৭ | কেডি সল্টড, সানলাইফ ইন্স্যুরেন্স, বিএসসিসিএল, মাস্টার অ্যাগ্রো, এএমসিএল (প্রাণ) সিকিউরিটিজসমূহের অটো ক্লায়েন্ট প্রতিবেদন | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিবেদনটি এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। |

- **তদন্ত/অনুসন্ধানের জন্য প্রস্তাব উত্থাপন/অনুমোদন/প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ:**

  - ➤ বেক্সিমকো লিমিটেড, ওয়ান্ডারল্যান্ড টয়েস লিমিটেড, মামুন অ্যাগ্রো প্রোডাক্টস লিমিটেড এবং ইউসুফ ফ্লাওয়ার মিলস্ লিমিটেডের শেয়ার ট্রেডিং সংক্রান্ত অনুসন্ধানের জন্য প্রস্তাব উত্থাপন।
  - ➤ ব্যাংক, ফিন্যান্সিয়াল ইনস্টিটিউশন্স, বিবিধ সেক্টরের অধীন শেয়ার এবং সোনালী পেপারস লিমিটেডের শেয়ার ট্রেডিং সংক্রান্ত অসদাচরণের বিরুদ্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য প্রস্তাব উত্থাপন।
  - ➤ একই ক্লায়েন্টের মধ্যে ব্লক মার্কেটে শেয়ার ট্রেডিং সংক্রান্ত ডিএসই -এর প্রতিবেদনের ভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য প্রস্তাব উত্থাপন।

- **এমএসআই বিভাগ কর্তৃক ইস্যুকৃত অফিস অর্ডারের ভিত্তিতে দাখিলকৃত অনুসন্ধান প্রতিবেদনের তালিকা:**

  - ➤ প্রগ্রেসিভ লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেডের ওপর অনুসন্ধান প্রতিবেদন।
  - ➤ ইন্ট্রাকো রিফুয়েলিং স্টেশন লিমিটেডের ওপর অনুসন্ধান প্রতিবেদন।

- **সোশ্যাল মিডিয়া মনিটরিং সংক্রান্ত কার্যাবলির বিবরণ:**

  - ➤ সোশ্যাল মিডিয়ায় (ফেসবুক, টুইটার, হোয়াটসঅ্যাপ, প্রিন্ট অ্যান্ড ইলেকট্রনিক মিডিয়া) শেয়ার বাজার সংক্রান্ত গুজব এবং বিভ্রান্তিমূলক তথ্য প্রচার মনিটরিং সংক্রান্ত বিএসইসি'র সোশ্যাল মিডিয়া উইং কর্তৃক প্রতিবেদন দাখিল।

- **স্টেকহোল্ডার ও নিয়ন্ত্রক সংস্থাগুলির মধ্যে সমন্বয় সভা:**

  - ➤ দেশের শেয়ার বাজারের বিদ্যমান সার্বিক পরিস্থিতি নিয়ে বিএসইসি কর্তৃক আয়োজিত সভায় সভাপতিত্ব করেন কমিশনের চেয়ারম্যান প্রফেসর শিবলী রুবাইয়াত-উল-ইসলাম।
  - ➤ কমিশনের এসআরএমআইসি, এসআরআই এবং এমএসআই বিভাগসমূহের মধ্যে তালিকাভুক্ত কোম্পানির লভ্যাংশ ঘোষণা এবং বিও অ্যাকাউন্ট হোল্ডার কর্তৃক পুঁজিবাজারে উক্ত লভ্যাংশের পুনঃবিনিয়োগ সম্পর্কে একটি আন্তঃবিভাগীয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন বিএসইসি কমিশনার ড. শেখ শামসুদ্দিন আহমেদ।

- **অন্যান্য:**

  - ➤ জনৈক বিনিয়োগকারী (বিও অ্যাকাউন্ট নং- ২০৩৬৮০০৭৪৮০১৩৮০, আইডিএলসি সিকিউরিটিজ লিমিটেড) কর্তৃক আত্মাহুতির ঘোষণার পরিপ্রেক্ষিতে কমিশন কর্তৃক একটি সাধারণ ডায়রি খোলা হয়েছে।
  - ➤ জনৈক সুজন মহাজন কর্তৃক সোশ্যাল মিডিয়ায় পুঁজিবাজার সম্পর্কে গুজব ছড়ানোর পরিপ্রেক্ষিতে কমিশন কর্তৃক একটি সাধারণ ডায়রি খোলা হয়েছে।

## ৮. সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব ইন্টারমিডিয়ারিজ

সিকিউরিটিতে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ তথা পুঁজিবাজারে বিনিয়োগকারীদের আস্থা বৃদ্ধি এবং সিকিউরিটিজ মার্কেটের উন্নয়নের লক্ষ্যে সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব ইন্টারমিডিয়ারিজ (এসআরআই) বিভাগ স্টক ডিলার/স্টক ব্রোকার, ডিপজিটরি অংশগ্রহণকারী (ডিপি), মার্চেন্ট ব্যাংকার্স, সিকিউরিটিজ কাস্টডিয়ান, ক্রেডিট রেটিং কোম্পানি, সম্পদ ব্যবস্থাপক ইত্যাদি বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানসমূহের পরিপালনীয় কার্যাদির তদারকি ও নিয়ন্ত্রণ কার্যক্রম পরিচালনা করে। এই বিভাগ বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানসমূহের ওপর নিয়মিত পরিদর্শন কার্যক্রম গ্রহণ করে। এছাড়াও, প্রয়োজন অনুযায়ী উক্ত প্রতিষ্ঠানসমূহে বিশেষ পরিদর্শন কার্যক্রম পরিচালনা করে। এই বিভাগ বিনিয়োগকারীদের অভিযোগ নিয়েও কাজ করে। জানুয়ারি-মার্চ, ২০২৩ সময়কালে অন্যান্যের মধ্যে, নিম্নবর্ণিত উল্লেখযোগ্য কার্যাবলি সম্পাদিত হয়েছে:

### ক. বিনিয়োগকারীদের অভিযোগ নিষ্পত্তি:

এসআরআই বিভাগ পুঁজিবাজারের বিনিয়োগকারীদের অভিযোগ আইনানুগভাবে নিষ্পত্তি করে থাকে। ৩০ সেপ্টেম্বর, ২০১৯ তারিখ থেকে বিনিয়োগকারীরা কাস্টমার কমপ্লেইন্ট অ্যাড্রেস মডিউল (সিসিএএম) ব্যবহার করে সহজেই যেকোনো স্থান থেকে অনলাইনে অভিযোগ দাখিল করছেন এবং দাখিলকৃত অভিযোগের বর্তমান অবস্থা অনলাইনে জানতে পারছেন। ফলে, অভিযোগ নিষ্পত্তির ক্ষেত্রে দক্ষতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা পূর্বের তুলনায় অনেক বেড়েছে। সিসিএএম -এর মাধ্যমে বিনিয়োগকারীগণ কর্তৃক দাখিলকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ নিম্নে তুলে ধরা হলো:

| যে ধরনের প্রতিষ্ঠানের বিরুদ্ধে অভিযোগ দাখিল করা হয়েছে | অভিযোগ প্রাপ্তির সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | প্রক্রিয়াধীন |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| স্টক ব্রোকার/স্টক ডিলার | ২২ | ১৭ | ৫ |
| মার্চেন্ট ব্যাংক | ২ | ১ | ১ |
| সম্পদ ব্যবস্থাপক কোম্পানি | - | - | - |
| সিকিউরিটিজ কাস্টডিয়ান | - | - | - |
| **মোট** | **২৪** | **১৮** | **৬** |

সিসিএএম -এর মাধ্যমে অভিযোগ দাখিল করার পাশাপাশি বিনিয়োগকারীগণ কমিশনে লিখিতভাবে অভিযোগ দাখিল করেছেন, যার সংক্ষিপ্ত বিবরণ নিম্নে দেওয়া হলো:

| যে ধরনের প্রতিষ্ঠানের বিরুদ্ধে অভিযোগ দাখিল করা হয়েছে | পূর্বের অনিষ্পত্তিকৃত অভিযোগ | বর্ণিত সময়কালে অভিযোগ প্রাপ্তি | মোট অভিযোগ | ডিএসই -তে প্রেরণ | নিষ্পত্তিকৃত অভিযোগ | সিসিএএম -এ আপলোডকৃত | প্রক্রিয়াধীন |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| স্টক ব্রোকার/ স্টক ডিলার | - | ২ | ২ | ২ | - | - | - |
| **মোট** | **-** | **২** | **২** | **২** | **-** | **-** | **-** |

## খ. বিভিন্ন সরকারি সংস্থার সাথে তথ্য আদান প্রদান:

দুর্নীতি দমন কমিশন (দুদক) সহ বিভিন্ন সরকারি সংস্থার সাথে তথ্য আদান-প্রদানের সুবিধার্থে ১৫ এপ্রিল, ২০১৯ তারিখে External Data Request Processing (EDRP) নামে একটি প্ল্যাটফর্ম চালু করা হয়েছে। উক্ত প্ল্যাটফর্মের মাধ্যমে দুদকসহ বিভিন্ন সরকারি সংস্থাকে তাদের পত্রের মাধ্যমে চাহিত তথ্য প্রেরণ করা হয়েছে, যার সংক্ষিপ্ত বিবরণ নিম্নে দেওয়া হলো:

| প্রতিষ্ঠানের নাম | প্রাপ্ত চিঠির সংখ্যা | চিঠির সংখ্যা যার বিপরীতে তথ্য প্রদান করা হয়েছে | প্রক্রিয়াধীন |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| দুর্নীতি দমন কমিশন (দুদক) | ২১৬ | ২১৬ | - |
| অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি) | ২৮ | ২৮ | - |
| জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) | ১ | ১ | - |
| অন্যান্য | ১ | ১ | - |
| **মোট** | **২৪৬** | **২৪৬** | **-** |

## গ. পুঁজিবাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানের ওপর পরিচালিত পরিদর্শন কার্যক্রম:

জানুয়ারি-মার্চ, ২০২৩ সময়কালে এসআরআই বিভাগ কর্তৃক পুঁজিবাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানের ওপর ১০টি পরিদর্শন কার্যক্রম গ্রহণ করা হয়েছে, যা নিম্নরূপ:

| বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানের ধরন | পরিদর্শন সংখ্যা | দাখিলকৃত পরিদর্শন প্রতিবেদনের সংখ্যা | প্রক্রিয়াধীন |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| স্টক ব্রোকার/স্টক ডিলার | ৭ | ৪ | ৩ |
| মার্চেন্ট ব্যাংক | ২ | - | ২ |
| সম্পদ ব্যবস্থাপক কোম্পানি | ১ | - | ১ |
| সিকিউরিটি কাস্টডিয়ান | - | - | - |
| ক্রেডিট রেটিং কোম্পানি | - | - | - |
| **মোট** | **১০** | **৪** | **৬** |

ঘ. কমিশনের অফিস আদেশ সূত্র নং-বিএসইসি/প্রশাসন/৪১:০০/১৯৯৫ (অংশ-১৩)-৬৯৮; তারিখ: ০৯ জুন, ২০২২ -এর মাধ্যমে তদন্ত ও অনুসন্ধান (Investigation and Enquiry) বিভাগ নামে একটি বিভাগ চালু করা হয়েছে এবং তদন্ত ও অনুসন্ধান সংক্রান্ত কার্যক্রম উক্ত বিভাগের আওতাধীন।

### ঙ. দাখিলকৃত পরিদর্শন প্রতিবেদনের ওপর গৃহীত পদক্ষেপ:

এসআরআই বিভাগের পরিদর্শন দল বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানের ওপর পরিদর্শন কার্যক্রম পরিচালনাপূর্বক কমিশনের কাছে প্রতিবেদন দাখিল করেছে। এছাড়া, কমিশনের নির্দেশনা মোতাবেক ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড (ডিএসই) এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড (সিএসই) তাদের ট্রেকহোল্ডার কোম্পানিসমূহের ওপর নিয়মিত পরিদর্শন কার্যক্রম পরিচালনা করেছে এবং কমিশনের কাছে প্রতিবেদন দাখিল করেছে। গৃহীত পরিদর্শন প্রতিবেদনের ওপর জানুয়ারি-মার্চ, ২০২৩ সময়কালে এসআরআই বিভাগ কর্তৃক নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করা হয়েছে:

| পরিদর্শন পরিচালনাকারী প্রতিষ্ঠান | পূর্বের পরীক্ষাধীন প্রতিবেদনের সংখ্যা | বর্ণিত সময়কালে গৃহীত প্রতিবেদনের সংখ্যা | মোট প্রতিবেদনের সংখ্যা | এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | এসআরআই বিভাগ কর্তৃক সতর্কপত্র প্রেরণ | ব্যবস্থা গ্রহণ ব্যতিরেকে নিষ্পত্তি | প্রক্রিয়াধীন |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| বিএসইসি | - | - | - | - | - | - | - |
| ডিএসই | - | ২ | ২ | - | - | - | ২ |
| সিএসই | - | ৪ | ৪ | - | - | - | ৪ |
| মোট | - | ৬ | ৬ | - | - | - | ৬ |

### চ. ট্রেকহোল্ডার কোম্পানি কর্তৃক দাখিলকৃত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা:

এসআরআই বিভাগ স্টক এক্সচেঞ্জের সহযোগিতায় ট্রেকহোল্ডার কোম্পানি কর্তৃক দাখিলকৃত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা করে থাকে। জানুয়ারি-মার্চ, ২০২৩ সময়কালে ট্রেকহোল্ডার কোম্পানির নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা সংক্রান্ত নিম্নলিখিত কার্যক্রম সম্পন্ন হয়েছে:

| কাজের বিবরণ | সংশ্লিষ্ট ট্রেকহোল্ডার কোম্পানির সংখ্যা | |
|---|---|---|
| | সিএসই | ডিএসই |
| ১ | ২ | ৩ |
| স্টক এক্সচেঞ্জ কর্তৃক ট্রেকহোল্ডার কোম্পানির নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা | ৭৭ | ৬৮ |
| স্টক এক্সচেঞ্জ কর্তৃক নিরীক্ষিত আর্থিক প্রতিবেদনের ওপর কমিশনে পর্যবেক্ষণ প্রেরণ | - | - |
| স্টক এক্সচেঞ্জ কর্তৃক সংশ্লিষ্ট ট্রেকহোল্ডার কোম্পানির সাথে সভা করা | ১ | ২৩ |

## ছ. মার্চেন্ট ব্যাংকার্সের ব্যবস্থাপনা পরিচালক/সিইও -এর নিয়োগ সংক্রান্ত কার্যক্রম:

জানুয়ারি-মার্চ, ২০২৩ সময়কালে এ বিভাগ কর্তৃক মার্চেন্ট ব্যাংকার্সের ব্যবস্থাপনা পরিচালক/সিইও -এর নিয়োগ সংক্রান্ত নিম্নলিখিত কার্যক্রম সম্পন্ন হয়েছে:

| দরখাস্তের বিষয় | পূর্বের অনিষ্পত্তিকৃত দরখাস্তের সংখ্যা | বর্ণিত সময়কালে প্রাপ্ত দরখাস্তের সংখ্যা | মোট দরখাস্তের সংখ্যা | কমিশনের অনুমোদন | কমিশনের প্রত্যাখান | প্রক্রিয়াধীন |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ব্যবস্থাপনা পরিচালক/সিইও -এর | ৫ | ৫ | ১০ | ৬ | ১ | ৩ |
| **মোট** | **৫** | **৫** | **১০** | **৬** | **১** | **৩** |

## ৯. এনফোর্সমেন্ট

সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতার জন্য এনফোর্সমেন্ট বিভাগ পুঁজিবাজারে আইন অমান্য/লঙ্ঘনকারীর বিরুদ্ধে অপরাধের গুরুত্ব বিবেচনাপূর্বক জরিমানা আরোপসহ অন্যান্য আইনগত ব্যবস্থা গ্রহণ করে। সিকিউরিটিজ আইনের আওতায় পরিদর্শন ও তদন্ত কার্যাদি সম্পন্ন করা হয়। পরিদর্শন/তদন্ত প্রতিবেদনে সিকিউরিটিজ আইন পরিপালন না করা সংক্রান্ত প্রাপ্ত রিপোর্টের ভিত্তিতে সংশ্লিষ্ট সিকিউরিটিজ আইনের বিধান অনুসারে ইস্যুয়ার ও পুঁজিবাজার সংশ্লিষ্ট অভিযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের ব্যাখ্যা ও শুনানি সম্পন্নপূর্বক কমিশনের নিকট তা পেশ করা হয়। কমিশন সিকিউরিটিজ আইন অনুযায়ী অভিযুক্তকারীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করে থাকে।

সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতার কারণে ইস্যুয়ার কোম্পানি, স্টক ব্রোকার, স্টক ডিলার, মার্চেন্ট ব্যাংকার, অনুমোদিত প্রতিনিধি এবং সংশ্লিষ্ট অন্যদের বিরুদ্ধে কমিশন কর্তৃক জানুয়ারি-মার্চ, ২০২৩ সময়কালে গৃহীত এনফোর্সমেন্ট কার্যক্রমসমূহ নিম্নে তুলে ধরা হলো:

| ক্রমিক নং | বিবরণ | জরিমানা | সতর্কীকরণ | নিষ্পত্তিকরণ | মোট |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | ইস্যুয়ার কোম্পানি/পরিচালক | ৫ | ৭ | ২ | ১৪ |
| ২ | স্টক ব্রোকার/স্টক ডিলার/অনুমোদিত প্রতিনিধি | ০ | ৬৭ | ৪ | ৭১ |
| ৩ | মার্চেন্ট ব্যাংকার | ০ | ০ | ০ | ০ |
| ৪ | অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি | ০ | ১ | ০ | ১ |
| ৫ | ক্রেডিট রেটিং কোম্পানি | ০ | ০ | ০ | ০ |
| ৬ | কাস্টডিয়ান | ০ | ০ | ০ | ০ |
| ৭ | চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস | ০ | ১ | ০ | ১ |
| ৮ | বিনিয়োগকারী | ৫ | ৪৫ | ৪ | ৫৪ |
| ৯ | স্টক এক্সচেঞ্জ | ০ | ০ | ০ | ০ |
| ১০ | অন্যান্য | ০ | ১ | ০ | ১ |
| | সর্বমোট | ১০ | ১২২ | ১০ | ১৪২ |

## ১০. সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব মার্কেট অ্যান্ড ইস্যুয়ার কোম্পানিজ

এসআরএমআইসি বিভাগ স্টক এক্সচেঞ্জ, ওভার দি কাউন্টার (OTC) মার্কেট এবং ইস্যুয়ার কোম্পানিসমূহের যাবতীয় কার্যাবলি সিকিউরিটিজ আইন অনুযায়ী পরিচালিত হচ্ছে কি না তা তদারকি করে থাকে। এছাড়াও, ইস্যুয়ার কোম্পানিসমূহের বিরুদ্ধে অভিযোগ/আপত্তি সিকিউরিটিজ আইন মোতাবেক নিষ্পত্তি করে থাকে। নিম্নে এই বিভাগের কর্মকাণ্ড সংক্ষিপ্তভাবে তুলে ধরা হলো:

(ক) তালিকাভুক্ত কোম্পানির বোর্ড মিটিং, বার্ষিক সাধারণ সভা, বিশেষ সাধারণ সভা, ই-ভোটিং বিষয়ে বিধিবিধান পরিপালন সংক্রান্ত তদারকি;
(খ) মূল্য সংবেদনশীল তথ্যাদি, ম্যাটেরিয়্যাল ইনফরমেশন্স, ইনসাইডার ট্রেডিং (যদি থাকে) তদারকি;
(গ) তালিকাভুক্ত কোম্পানির উদ্যোক্তা/পরিচালক/প্লেসমেন্ট শেয়ার হোল্ডারদের শেয়ার ক্রয়/বিক্রয়/হস্তান্তরের ঘোষণা তদারকি;
(ঘ) মাসিক শেয়ার হোল্ডিং পজিশন এবং লিস্টিং রেগুলেশন চাহিত অন্যান্য বিষয়াবলি তদারকি;
(ঙ) নো-ডিভিডেন্ড এবং অবণ্টিত ডিভিডেন্ড সংক্রান্ত ঘোষণা তদারকি;
(চ) স্টক এক্সচেঞ্জের (সিকিউরিটি লেনদেন ব্যতীত) যাবতীয় কার্যক্রম এবং সিসিবিএল -এর বিষয়াবলি তদারকি;
(ছ) জেড ক্যাটাগরি এবং ওটিসি কোম্পানিসমূহ সংস্কার/পুনর্গঠন কার্যক্রম;
(জ) ৩০ কোটি টাকার কম পরিশোধিত মূলধন সম্পন্ন কোম্পানিসমূহ তদারকি;
(ঝ) আন্তঃকোম্পানি ঋণ সংক্রান্ত বিষয়াবলি তদারকি;
(ঞ) ট্রেডেড অথবা নন-ট্রেডেড বিভিন্ন ডেট-ইনস্ট্রুমেন্টস তদারকি;
(ট) মার্জার, অ্যামালগেমেশন/ইকুইজিশন সংক্রান্ত বিষয়ে পর্যালোচনা/মন্তব্য প্রদান;
(ঠ) আইপিও/আরপিও প্রসপেক্টাস এবং আইন বিভাগ কর্তৃক চাহিত বিষয়ে আইনগত পর্যালোচনা/মন্তব্য প্রদান;
(ড) পুঁজিবাজার সংশ্লিষ্ট অভিযোগসমূহ নিষ্পত্তির জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ;
(ঢ) তালিকাভুক্ত কোম্পানির শেয়ার স্টক এক্সচেঞ্জের বাইরে হস্তান্তরের বিষয়াবলি তদারকি;
(ণ) প্রকাশনা সংক্রান্ত মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন প্রস্তুতকরণ, যা মন্ত্রণালয় তথা জাতীয় সংসদে প্রেরণ করা হয়ে থাকে।

**উল্লিখিত নিয়মিত কার্যাবলির আলোকে এসআরএমআইসি বিভাগ জানুয়ারি-মার্চ, ২০২৩ সময়কালে পুঁজিবাজারের গতিশীলতা আনয়নে নিম্নোক্ত বিশেষ কার্যাবলি সম্পন্ন করে:**

- তালিকাভুক্ত ২৯টি (ঊনত্রিশ) কোম্পানির বোর্ড মিটিং, বার্ষিক সাধারণ সভা, বিশেষ সাধারণ সভা, ই-ভোটিং বিষয়ে বিধিবিধান পরিপালন সংক্রান্ত তদারকি (ছক সংযুক্তি-১);
- তালিকাভুক্ত কোম্পানির উদ্যোক্তা/পরিচালক/প্লেসমেন্ট শেয়ার হোল্ডারদের শেয়ার ক্রয়/বিক্রয়/হস্তান্তরের ৪৩টি (তেতাল্লিশ) ঘোষণা তদারকি (ছক সংযুক্তি-২);
- পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রাপ্ত ৩১টি (একত্রিশ) অভিযোগের মধ্যে নিষ্পত্তিকৃত ২৮টি (আটাশ) এবং প্রক্রিয়াধীন ৩টি(তিন);
- ইস্যুয়ার কোম্পানি ও বিভিন্ন স্টেকহোল্ডারদের সাথে সর্বমোট ৯টি (নয়) সভাকরণ।

জানুয়ারি-মার্চ, ২০২৩ সালের ঘোষণার বিপরীতে স্পন্সর/পরিচালকদের শেয়ার ক্রয়/বিক্রয়/স্থানান্তর সংক্রান্ত তথ্য:

| নং | প্রচারের তারিখ | সিকিউরিটি | শিরোনাম | ক্রেতা/বিক্রেতা/ স্থানান্তরকারী | স্থানান্তরকারী | বাজারের প্রকার/ স্থানান্তরের প্রকার | ট্রেডিং সিস্টেম | শেয়ার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১ | ০৩/০১/২০২৩ | NIALCO | একজন স্পন্সর পরিচালকের বিক্রয় ঘোষণা | মোঃ কামাল উদ্দিন আহমেদ | | পাবলিক | | ৭৫০,০০০ | |
| ২ | ০৩/০১/২০২৩ | NIALCO | একজন স্পন্সর পরিচালকের বিক্রয় ঘোষণা | গাজী মোকাররম আলী চৌধুরী | | পাবলিক | | ৭৫০,০০০ | |
| ৩ | ০৪/০১/২০২৩ | MONNOCERA | একটি কর্পোরেট পরিচালকের বিক্রয় ঘোষণা | মন্নু ওয়েলফেয়ার ফাউন্ডেশন | | ব্লক | | ৪০০,০০০ | |
| ৪ | ০৪/০১/২০২৩ | WALTONHIL | একজন স্পন্সর পরিচালকের বিক্রয় ঘোষণা | এস এম আশরাফুল আলম | | পাবলিক | | ১০০,০০০ | |
| ৫ | ০৮/০১/২০২৩ | APEXFOOT | একজন স্পন্সর পরিচালকের ক্রয় ঘোষণা | সৈয়দ মনজুর এলাহী | | পাবলিক | | ৩৮,৫০০ | |
| ৬ | ১২/০১/২০২৩ | AFCAGRO | এক্সচেঞ্জের ট্রেডিং সিস্টেমের বাইরে শেয়ার স্থানান্তর | অ্যাক্টিভ ফাইন কেমিক্যালস লি. | ঢাকা ব্যাংক লি. | ট্রেডিং সিস্টেমের বাইরে | ট্রেডিং সিস্টেমের বাইরে | ২,৮১৮,৫০০ | |
| ৭ | ১৬/০১/২০২৩ | MONNOCERA | একটি কর্পোরেট পরিচালকের বিক্রয় ঘোষণা | মন্নু ওয়েলফেয়ার ফাউন্ডেশন | | ব্লক | | ২০০,০০০ | |
| ৮ | ২৩/০১/২০২৩ | HAKKANIPUL | একজন স্পন্সর পরিচালকের বিক্রয় ঘোষণা | মোহাম্মদ গোলাম মোর্শেদ | | ব্লক | | ১০০,০০০ | CSE -এর মাধ্যমে |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৯ | ২৩/০১/২০২৩ | HAKKANIPUL | একজন স্পন্সর পরিচালকের বিক্রয় ঘোষণা | গোলাম রসুল মুক্তাদির | | ব্লক | | ১০০,০০০ | CSE -এর মাধ্যমে |
| ১০ | ২৩/০১/২০২৩ | HAKKANIPUL | একজন স্পন্সর পরিচালকের বিক্রয় ঘোষণা | মোহাম্মদ গোলাম কিবরিয়া | | ব্লক | | ১০০,০০০ | CSE -এর মাধ্যমে |
| ১১ | ২৪/০১/২০২৩ | SBACBANK | একজন স্পন্সরের বিক্রয় ঘোষণা | মিজানুর রহমান | | ব্লক | | ৩,৫৫৬,২৬৩ | |
| ১২ | ২৪/০১/২০২৩ | SBACBANK | একজন স্পন্সরের বিক্রয় ঘোষণা | শামসুন নাহার রহমান | | ব্লক | | ৩,৩৮২,১৫৬ | |
| ১৩ | ২৪/০১/২০২৩ | AFCAGRO | একজন স্পন্সর এবং একটি কর্পোরেট পরিচালকের বিক্রয় এবং ক্রয় ঘোষণা | মোঃ সায়াদুর রহমান ও এএফসি ক্যাপিটাল লি. | | ব্লক | | ২,৫৪৬,২৭৭ | |
| ১৪ | ২৫/০১/২০২৩ | ACI | একজন পরিচালকের ক্রয় ঘোষণা | এম আনিস উদদৌলা | | পাবলিক এবং ব্লক | শেয়ার এবং টেক-ওভারের উল্লেখযোগ্য অধিগ্রহণ | ১০০,০০০ | |
| ১৫ | ২৬/০১/২০২৩ | PENINSULA | একজন স্পন্সর পরিচালকের ক্রয় ঘোষণা | আয়েশা সুলতানা | | পাবলিক | | ৪৬,০০০ | |
| ১৬ | ২৬/০১/২০২৩ | PENINSULA | একজন স্পন্সরের ক্রয় ঘোষণা | ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন | | পাবলিক | | ৭০,০০০ | |
| ১৭ | ৩০/০১/২০২৩ | DSHGARME | সেল ইনটিমেশন | টুটেলার অয়েল সার্ভিসেস কোম্পানি (প্রাইভেট) লি. | | পাবলিক এবং ব্লক | | ৫৯,০২৪ | |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৮ | ৩০/০১/২০২৩ | TOSRIFA | একটি কর্পোরেট পরিচালকের বিক্রয় ঘোষণা | নর্দান কর্পোরেশন লিমিটেড | | পাবলিক এবং ব্লক | | ১,১১৬,২৮৮ | |
| ১৯ | ০৬/০২/২০২৩ | BARAKAPOWER | বারাকা পাওয়ার: পরিচালকদের বিক্রয় এবং ক্রয় ঘোষণা | আব্দুল বারী | এনআরবি ভেঞ্চারস (প্রা.) লিমিটেড এবং ফিউশন হোল্ডিংস (প্রা.) লিমিটেড | ব্লক | | ৪,৭১৪,১৩৮ | বিক্রয় |
| ২০ | ০৬/০২/২০২৩ | TOSRIFA | তোসরিফা: একজন স্পন্সর পরিচালকের ক্রয় ঘোষণা | নাইম হাসান | | ব্লক | | ৩৭১,২৮৮ | |
| ২১ | ০৭/০২/২০২৩ | SOUTHEASTB | সাউথইস্টবি: এক্সচেঞ্জের ট্রেডিং সিস্টেমের বাইরে শেয়ার হস্তান্তর | সৈয়দ শহীদ আলী | এক্সিম ব্যাংক লি. | ট্রেডিং সিস্টেমের বাইরে | ট্রেডিং সিস্টেমের বাইরে | ৬০০,০০০ | |
| ২২ | ০৮/০২/২০২৩ | GENNEXT | GENNEXT: একটি কর্পোরেট পরিচালকের ক্রয় ঘোষণা | এজে কর্পোরেশন লিমিটেড | | ব্লক | | ১,০০০,০০০ | |
| ২৩ | ০৯/০২/২০২৩ | SEAPEARL | SEAPEARL: এক্সচেঞ্জের ট্রেডিং সিস্টেমের বাইরে শেয়ার স্থানান্তর | শামীম এন্টারপ্রাইজ (প্রা.) লি. | সী পার্ল সুন্দরবন ইকো রিসোর্ট লি. | ট্রেডিং সিস্টেমের বাইরে | ট্রেডিং সিস্টেমের বাইরে | ৪৮,৭৮০,৯০০ | |
| ২৪ | ১৩/০২/২০২৩ | GENNEXT | GENNEXT: একটি কর্পোরেট পরিচালকের ক্রয় ঘোষণা | এজে কর্পোরেশন লিমিটেড | | ব্লক | | ১,০০০,০০০ | |
| ২৫ | ১৬/০২/২০২৩ | GENNEXT | GENNEXT: একটি কর্পোরেট পরিচালকের ক্রয় ঘোষণা | এজে কর্পোরেশন লিমিটেড | | ব্লক | | ১,০০০,০০০ | |
| ২৬ | ২৩/০২/২০২৩ | ADNTEL | ADNTEL: একজন স্পন্সরের বিক্রয় ঘোষণা | মামনুর রশীদ | | ব্লক | | ২০০,০০০ | |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২৭ | ২৩/০২/২০২৩ | GENNEXT | GENNEXT: একটি কর্পোরেট পরিচালকের ক্রয় ঘোষণা | এজে কর্পোরেশন লিমিটেড | | ব্লক | | ৫১৯,০০০ | |
| ২৮ | ২৭/০২/২০২৩ | ADNTEL | ADNTEL: একজন স্পন্সরের বিক্রয় ঘোষণা | মোহাম্মদ আলী সরকার | | ব্লক | | ৮৫২,৫০০ | |
| ২৯ | ২৭/০২/২০২৩ | ADNTEL | ADNTEL: একজন স্পন্সরের বিক্রয় ঘোষণা | মোঃ আবু ইউসুফ জাকারিয়া | | ব্লক | | ১,৭০৫,০০০ | পুরো হোল্ডিং |
| ৩০ | ২৮/০২/২০২৩ | GOLDENSON | গোল্ডেনসন: এক্সচেঞ্জের ট্রেডিং সিস্টেমের বাইরে শেয়ার স্থানান্তর | বেলাল আহমেদ হামংচি, লিনজুচিয়াং, লিনওয়ান-ই, লিন ইউ চেন, প্যানমার্ক এক্সেরিজ (প্রা.) লিমিটেড রনসন লিমিটেড | মেঘনা ব্যাংক লিমিটেড | ট্রেডিং সিস্টেমের বাইরে | ট্রেডিং সিস্টেমের বাইরে | ১৪,৯১৮,৬৬১ | স্থানান্তর কারীরা গোল্ডেনসন লিমিটেডের স্পন্সর |
| ৩১ | ০১/০৩/২০২৩ | বারাকা পাওয়ার লিমিটেড | বারাকা পাওয়ার: একজন পরিচালকের ক্রয় ঘোষণা | ধীমান কুমার চৌধুরী | প্রযোজ্য নয় | পাবলিক মার্কেট | প্রযোজ্য নয় | ২০,০০০ | |
| ৩২ | ০১/০৩/২০২৩ | মাস্টার ফিড এগ্রো টেক লিমিটেড | মাস্টারগ্রো: মৃত পরিচালকের উত্তরসূরিদের মধ্যে শেয়ার ট্রান্সমিশন | রফিকুল আলম | উত্তরসূরি | উত্তরাধিকার সনদ | মাননীয় আদালত কর্তৃক প্রদত্ত উত্তরাধিকার সনদ | ৭,০৫০,০০০ | |
| ৩৩ | ০২/০৩/২০২৩ | পিএইচপি প্রথম মিউচুয়াল ফান্ড | PHPMF1: এক্সচেঞ্জের ট্রেডিং সিস্টেমের বাইরে ইউনিট স্থানান্তর | পিএইচপি পাওয়ার জেনারেশন প্লান্ট লি. | পিএইচপি এনওএফ কন্টিনিউয়াস গ্যালভানাইজিং মিলস লিমিটেড | উপহারের মাধ্যমে | ট্রেডিং সিস্টেমের বাইরে | ২৮,৯২৩,১৩৮ | |
| ৩৪ | ১২/০৩/২০২৩ | জেনেক্স ইনফোসিস লিমিটেড | জেনেক্সিল: একজন পরিচালক কর্তৃক শেয়ার স্থানান্তরের ঘোষণা | চৌধুরী ফজলে ইমাম | চৌধুরী ফজলে আলম | উপহারের মাধ্যমে | ট্রেডিং সিস্টেমের বাইরে | ২,৮০০,০০০ | |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৩৫ | ১৩/০৩/২০২৩ | বেক্সিমকো ফার্মাসিউটিক্যালস লি. | BXPHARMA: পরিচালকদের বিক্রয় এবং ক্রয়ের ঘোষণা | আইএফআইসি সিকিউরিটিজ লিমিটেড | অ্যাবসলিউট কনস্ট্রাকশন অ্যান্ড ইঞ্জিনিয়ারিং লি. | ব্লক মার্কেট | প্রযোজ্য নয় | ১৭,০০০,০০০ | |
| ৩৬ | ১৪/০৩/২০২৩ | ইন্ট্রাকো রিফুয়েলিং স্টেশন লিমিটেড | ইন্ট্রাকো: সেল ইনটিমেশন | ইন্ট্রাকো ন্যাচারাল গ্যাস স্টেশন লিমিটেড | প্রযোজ্য নয় | পাবলিক মার্কেট + ব্লক মার্কেট | প্রযোজ্য নয় | পাবলিক মার্কেটে ১,৪৫৮,৯০২ শেয়ার এবং ব্লক মার্কেটে ১,৫০০,০০০ শেয়ার | সেল ইনটিমেশন |
| ৩৭ | ১৫/০৩/২০২৩ | এসিআই লিমিটেড | ACI: একজন স্পন্সর পরিচালকের ক্রয় ঘোষণা | এসিআই ফাউন্ডেশন | প্রযোজ্য নয় | পাবলিক মার্কেট + ব্লক মার্কেট | প্রযোজ্য নয় | ব্লক মার্কেটে ১০৪,০০০ শেয়ার এবং পাবলিক মার্কেটে ৩১,০০০ শেয়ার | |
| ৩৮ | ১৫/০৩/২০২৩ | এডিএন টেলিকম লিমিটেড | ADNTEL: একজন স্পন্সরের শেয়ার স্থানান্তরের ঘোষণা | মামনুর রশীদ | ফাহিমা জিশান চৌধুরী | উপহারের মাধ্যমে | ট্রেডিং সিস্টেমের বাইরে | ২০০,০০০ | |
| ৩৯ | ২৩/০৩/২০২৩ | জেনারেশন নেক্সট ফ্যাশনস লিমিটেড | GENNEXT: একটি কর্পোরেট পরিচালকের ক্রয় ঘোষণা | এজে কর্পোরেশন লিমিটেড | প্রযোজ্য নয় | ব্লক মার্কেট | প্রযোজ্য নয় | ১,৫০০,০০০ | |
| ৪০ | ২৮/০৩/২০২৩ | হাক্কানি পাল্প অ্যান্ড পেপার মিলস লি. | হাক্কানিপুল: একজন স্পন্সর পরিচালকের বিক্রয় ঘোষণা | হোসনে আরা বেগম | প্রযোজ্য নয় | ব্লক মার্কেট | প্রযোজ্য নয় | ৫০,০০০ | CSE এর মাধ্যমে |
| ৪১ | ২৯/০৩/২০২৩ | জেমিনি সী ফুড লিমিটেড | GEMINISEA: একজন স্পন্সরের বিক্রয় ঘোষণা | কাজী শহীদ আহমেদ | প্রযোজ্য নয় | ব্লক মার্কেট | প্রযোজ্য নয় | ১২২,০০০ | |
| ৪২ | ৩০/০৩/২০২৩ | জেনারেশন নেক্সট ফ্যাশনস লিমিটেড | GENNEXT: একটি কর্পোরেট পরিচালকের ক্রয় ঘোষণা | এজে কর্পোরেশন লিমিটেড | প্রযোজ্য নয় | ব্লক মার্কেট | প্রযোজ্য নয় | ১,৫০০,০০০ | |

## তালিকাভুক্ত কোম্পানি কর্তৃক ঘোষিত লভ্যাংশের বিবরণী

অক্টোবর-ডিসেম্বর, ২০২২ সময়কালে তালিকাভুক্ত কোম্পানি কর্তৃক অনুষ্ঠিত বার্ষিক সাধারণ সভা এবং ঘোষিত লভ্যাংশ সংক্রান্ত তথ্যাবলি নিম্নে দেওয়া হলো:

| ক্র. নং | কোড নং | কোম্পানির নাম | বছর শেষ | এজিএম তারিখ | ডিভিডেন্ড (%) | | রেকর্ড ডেট | ডিভিডেন্ড ডিক্লারেশন ডেট |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ক্যাশ | স্টক | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
